একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

Bangladesh Power Development Board

কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা
ফোন ঃ +৮৮০২-৯৫৫৩১০১

বিজ্ঞপ্তি নং-২৭.১১.০০০০.২১০.১৬.০০১.১৯-৩৫৪

তারিখ ঃ ৩১-১২-২০১৯খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে রাজস্ব খাতভুক্ত **"সহকারী প্রকৌশলী"** পদে নিম্নেবর্ণিত শর্তে অস্থায়ীভিত্তিতে নিয়োগের নিমিত্ত প্যানেল তৈরীর লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে **Online** এ দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ-

পদের নাম ও বেতন স্কেল	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা
সহকারী প্রকৌশলী তড়িৎ/যান্ত্রিক/মেটালার্জিক্যাল/কেমিক্যাল/সিভিল/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং । টাঃ ২২,০০০ - ৫৩,০৬০/-(জাঃ বেঃ স্কেল/১৫, ৯ম গ্রেড)	কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ঃ-তড়িৎ(ইইই)/ যান্ত্রিক/মেটালার্জিক্যাল/কেমিক্যাল/সিভিল/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং । (প্রথম বিভাগ/শ্রেণীর সমতুল্য হিসাবে জিপিএ ৩.০০ গণ্য হবে)।

শর্তাবলীঃ

১। বোর্ডের অধীনে বিভিন্ন স্থাপনায় বিদ্যমান সহকারী প্রকৌশলীর শূন্যপদের বিপরীতে যোগ্য প্রার্থীগণকে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ দেয়া হবে। এ জন্য তাদেরকে বোর্ড কর্তৃক নির্ধারিত লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হতে হবে। নিয়োগের পর ২(দুই) বছর সময়ের মধ্যে তারা বোর্ড কর্তৃক নির্ধারিত বিভিন্ন প্রশিক্ষণ ও অন্যান্য কর্মসূচীতে অংশগ্রহণ করবেন। উক্ত কর্মসূচীতে অর্জিত ফলাফলের ভিত্তিতে প্রচলিত বিধি/বিধান অনুযায়ী তাদেরকে সহকারী প্রকৌশলী'র শূন্যপদের বিপরীতে নিয়মিত নিয়োগ প্রদান বোর্ড কর্তৃক বিবেচিত হতে পারে।

২। বর্ণিত পদের জন্য বয়সসীমা **০১/১২/২০১৯ইং** তারিখে ১৮-৩০ বৎসর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে উর্দ্ধ বয়স ৩২(বত্রিশ) বৎসর। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে উর্দ্ধ বয়স ৪০(চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

৩। যে সকল প্রার্থী বিদেশ হতে ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেছেন তাদের বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ইকুইভ্যালেন্স সংক্রান্ত যথাযথ প্রত্যয়নপত্র থাকতে হবে।

৪। বোর্ডের পূর্বানুমতি গ্রহণ করে এ.এম.আই.ই/বিএসসি ইঞ্জিনিয়ারিং পাশ বিউবোর্ডের বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে পারবেন। সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহন পূর্বক আবেদন করতে হবে।

৫। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষা গ্রহণের পর উত্তীর্ন প্রার্থীদের নিকট হতে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করার জন্য বলা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

৬। নিয়োগের ক্ষেত্রে সরকারী নীতিমালা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

৭। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা প্রার্থীগণ সর্বশেষ সরকারী নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে তাহাদের পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধে অংশ গ্রহণের স্বপক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্র থাকতে হবে। একইসাথে প্রার্থী মুক্তিযোদ্ধার/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র থাকতে হবে।

৮। প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ থাকতে হবে।

৯। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকে বাতিল করা হবে।

১০। **অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি **http://bpdb.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৯-০১-২০২০খ্রিঃ, সকাল- ১০:০০ টা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০-০১-২০২০খ্রিঃ, বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে

যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৬০০/- (ছয়শত টাকা) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**
প্রথম SMS: BPDB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BPDB ABCDEF

Reply: Applicant's Name, Tk 600. will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BPDB<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BPDB<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BPDB YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BPDB Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bpdb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে** (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা,** SMS **পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে BPDB<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: BPDB Help User ABCDEF & send to 16222

ii) PIN Number জানা থাকলে: BPDB<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: BPDB Help PIN 12345678 & send to 16222.

02-02-2020.
(শাহানা শিরীন)
পরিচালক
কর্মচারী পরিদপ্তর
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা